# লেকচার ৫

## ♦ ণ-ত্ব বিধান ও ষ-ত্ব বিধান

## ণ-ত্ব বিধান ও ষ-ত্ব বিধান

### ণ-ত্ব বিধান

| নিয়ম | উদাহরণ |
|---|---|
| ১. ট-বর্গীয় ধ্বনির আগে দন্ত্য ন হলে, সব সময় তা মূর্ধন্য 'ণ' হয়। | বণ্টন, লুণ্ঠণ, ঘণ্টা ইত্যাদি। |
| ২. ঋ, র, ষ-এর পরে মূর্ধন্য 'ণ' হয়। | ঋণ, ঘৃণা, বর্ণ, বিষ্ণু, তৃণ, সুবর্ণা ইত্যাদি। |
| ৩. ঋ, র, ষ-এর পরে স্বরধ্বনি, য়, ব, হ, ং এবং ক-বর্গীয় ও প-বর্গীয় ধ্বনি থাকলে পরবর্তী ন মূর্ধন্য 'ণ' হয়। | কৃপণ, হরিণ, অর্পণ, লক্ষণ, রামায়ণ, ব্রাহ্মণ ইত্যাদি। |
| ৪. প্র, পূর্ব এবং অপর শব্দের পরে অহ্ন শব্দের ন মূর্ধন্য 'ণ' হয়। | পূর্বাহ্ণ, অপরাহ্ণ ইত্যাদি। তবে মধ্যাহ্ন,সায়াহ্ন শব্দে 'ণ' হয় না। |
| ৫. পর, নার, রায় প্রভৃতি শব্দের পরো অয়ন শব্দ থাকলে অয়ন শব্দের দন্ত্য ন মূর্ধন্য 'ণ' হয়। | পরায়ণ, নারায়ণ, রামায়ণ, উত্তরায়ণ,চান্দ্রয়ণ ইত্যাদি। |

☑ **যেসব ক্ষেত্রে ণ প্রযোজ্য নয়-**

| নিয়ম | উদাহরণ |
|---|---|
| ১.খাঁটি বাংলা বা দেশি, বিদেশি ও তদ্ভব শব্দে | পুরনো, ঠাকুরন, কুরআন, জার্মান, ট্রেন |
| ২.সমাসবদ্ধ পদের উভয় পদের অর্থের প্রাধান্য থাকলে সেখানে ণ-ত্ব বিধান কার্যকর হয় না। | ত্রিনয়ন, সর্বনাম, দুর্নীতি, দুর্নাম, হরিনাম, বারিনিধি |
| ৩.ত বর্গীয় বর্ণের সাথে মূর্ধন্য 'ণ' হয় না। | অন্ত, কান্ত, গ্রন্থ, আনন্দ, অন্ধ, বন্ধন। |
| ৪.ঋ, র, ষ-এর পরে ক বর্গ, প বর্গ, ম, ব, হ অনুস্বার ছাড়া অন্য বর্ণ থাকলে সেখানে ণ-ত্ব বিধান কার্যকর নয়। | নর্তন, কর্তন, দর্শন, প্রার্থনা, রচনা। |

☑ **ষ-ত্ব বিধান**

| নিয়ম | উদাহরণ |
|---|---|
| | |
| ২. ই-কারান্ত এবং উ-কারান্ত উপসর্গের পর কতকগুলো ধাতুতে মূর্ধন্য 'ষ' হয়। | অনুষ্ঠান, অভিষেক, অনুষঙ্গ, প্রতিষেধক ইত্যাদি। |
| ৩. ঋ-কার ও র-কার পর মূর্ধন্য 'ষ' হয়। | বৃষ, ঋষি, কৃষক, বর্ষা, উৎকর্ষ, বৃষ্টি, দৃষ্টি ইত্যাদি। |
| ট ও ঠ-এর সঙ্গে যুক্ত হলে দন্ত্য-স না হয়ে 'ষ' হয়। | কষ্ট, কাষ্ঠ, ওষ্ঠ, স্পষ্ট ইত্যাদি। |
| সমাসবদ্ধ হয়ে দুটি পদ একপদে পরিণত হলে এবং প্রথম পদের শেষে ই, উ, ঋ থাকলে মূর্ধন্য 'ষ'-এ পরিণত হয়। | যুধিষ্ঠির, গোষ্ঠী, ভ্রাতুষ্পুত্র ইত্যাদি। |

☑ **যেসব ক্ষেত্রে ষ প্রযোজ্য নয়-**

| নিয়ম | উদাহরণ |
|---|---|
| ১. খাঁটি বাংলা ও বিদেশি শব্দে মূর্ধন্য 'ষ' হয় না। | জিনিস, মিসর, স্টেশন, মাস্টার, সোনা, ভাসানো |
| ২. সংস্কৃত 'সাৎ' প্রত্যয়ে মূর্ধন্য 'ষ' হয় না। | ধূলিসাৎ, ভূমিসাৎ |

**কতকগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য-ণ হয়**

চাণক্য মাণিক্য গণ বাণিজ্য লবণ মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা।
কল্যাণ শোণিত মণি স্থাণু গুণ পুণ্য বেণী
ফণী অণু বিপণি গণিকা।
আপণ লাবণ্য বাণী নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ
চিক্কণ নিক্কণ তৃণ কফণি বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।

**কতকগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য-ষ হয়**

আষাঢ় শেষ ঈষৎ মেষ
ভাষা কলুষ মানুষ।
ষোড়শ কোষ পৌষ রোষ
ষাট পুরুষ মানুষ পাষণ্ড ষণ্ড প্রত্যূষ।
আভাষ ভাষণ অভিলাষ পোষণ
ঊষর তোষণ ঊষা শোষণ্।
ঔষধ বিষাণ ষড়যন্ত্র পাষাণ
বিশেষ ভূষণ সরিষা দূষণ।

## গুরুত্বপূর্ণ প্রশ্ন সমূহ

০১. নিচের কোন শব্দে ণত্ব বিধি অনুসারে 'ণ'-এর ব্যবহার হয়েছে?
ক. কল্যাণ খ. প্রবণ গ. নিক্কণ ঘ. বিপণি উত্তর: খ

০২. নিত্য মূর্ধন্য-ষ কোনো শব্দে বর্তমান?
ক. কষ্ট খ. উপনিষৎ গ. কল্যাণীয়েষু ঘ. আষাঢ় উত্তর: ঘ

০৩. ণ-ত্ব বিধি সাধারণত কোন শব্দে প্রযোজ্য?
ক. দেশী খ. বিদেশী গ. তৎসম ঘ. তদ্ভব উত্তর: গ

০৪. কোন বর্ণের ধ্বনির আগে ন ণ হয়?
ক. ক বর্গীয় খ. চ বর্গীয় গ. ট বর্গীয় ঘ. ত বর্গীয় উত্তর: গ

০৫. কোন শব্দে মূর্ধন্য ণ-এর ব্যবহার রয়েছে?
ক. চিহ্ন খ. অন্ন গ. যত্ন ঘ. তৃষ্ণা উত্তর: ঘ

০৬. নিচের কোন শব্দে 'ণ'-এর ভুল প্রয়োগ রয়েছে?
ক. চাণক্য খ. মাণিক্য গ. গণ ঘ. ক্রন্দণ উত্তর: ঘ

০৭. 'মাণিক্য' শব্দে 'ণ' বসেছে ণ-ত্ব বিধানের কোন নিয়মে?
ক. 'ম' বর্ণের পরে 'ণ' হয় খ. 'ক' বর্ণের পূর্বে 'ণ' হয়
গ. 'ক' বর্ণ এবং 'ম' বর্ণের মাঝে 'ণ' হয় ঘ. স্বভাবতই 'ণ' হয় উত্তর: ঘ

০৮. ষ-ত্ব বিধানের ব্যতিক্রম কোনটি?
ক. ভাষা খ. অপিস গ. সুষ্ঠু ঘ. দুষ্কর উত্তর: ক

০৯. কোন শব্দে ণ-ত্ব বিধান পালিত হয়নি?
ক. কোরান খ. শ্রবণ গ. বেণী ঘ. গণ উত্তর: ক

১০. কোন ধরণের শব্দে কখনোই মূর্ধন্য-ণ হবে না?
ক. তৎসম খ. বিদেশী গ. তদ্ভব ঘ. আঞ্চলিক উত্তর: খ

১১. ঋ, র, ষ-এর পরে সাধারণত কোনটি বসে?
ক. ণ খ. ন গ. ন্য ঘ. ন্ন উত্তর: ক

১২. কোনটি নিত্য মূর্ধন্য-ণ বাচক শব্দ?
ক. পুণ্য খ. গ্রহণ গ. স্বরণ ঘ. অর্পণ উত্তর: ক

১৩. 'কন্টক' বানান কোন নিয়মে হয়?
ক. ণ-ত্ব বিধান খ. বর্ণবিধান গ. ষ-ত্ব বিধান ঘ. কোনটিই নয় উত্তর: ক

১৪. 'মণিক্য' শব্দে 'ণ' বসেছে ণ-ত্ব বিধানের কোন নিয়মে?
ক. 'ম' বর্ণের পরে 'ণ' হয় খ. 'ক' বর্ণ এবং 'ম' বর্ণের মাঝে 'ণ' হয়
গ. 'ক' বর্ণের পূর্বে 'ণ' হয় ঘ. স্বভাবতই 'ণ' হয় উত্তর: ঘ

১৫. কোন ধরনের শব্দে কখনোই মূর্ধন্য-ণ হবে না?
ক. তৎসম খ. বিদেশি গ. তদ্ভব ঘ. আঞ্চলিক উত্তর: খ

১৬. শুদ্ধ বানান কোনটি?
ক. আভ্যন্তরীণ খ. অভ্যন্তরীন গ. অভ্যন্তরীণ ঘ. অভ্যন্তরিণ উত্তর: গ

১৭. কোনটি শুদ্ধ বানান?
ক. শশিভুসন খ. শশিভূষণ গ. শসিভূষন ঘ. শশিভুসণ উত্তর: খ

১৮. শুদ্ধ বানান বিশিষ্ট শব্দ কোনটি?
ক. আশির্বাদ খ. ভবিষ্যৎ গ. দীর্ঘজীবি ঘ. পিপিলীকা উত্তর: খ

১৯. কোন শব্দটি বিসর্গযুক্ত ই-ধ্বনি সন্ধির ফলে মূর্ধন্য-ষ হয়েছে?
ক. পুষ্কক খ. পরিষ্কার গ. পুষ্ট ঘ. বর্ষীয়সী উত্তর: খ

২০. কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না?
ক. সাৎ খ. সা গ. ষ্ণেয় ঘ. ষ্ণিক উত্তর: ক

## বাড়ির কাজ

০১. কোন ধরণের শব্দে কখনোই মূর্ধন্য-ণ হবে না?
ক. তৎসম খ. বিদেশী গ. তদ্ভব ঘ. আঞ্চলিক উত্তর: খ

০২. ঋ, র, ষ-এর পরে সাধারণত কোনটি বসে?
ক. ণ খ. ন গ. ন্য ঘ. ন্ন উত্তর: ক

০৩. কোনটি নিত্য মূর্ধন্য-ণ বাচক শব্দ?
ক. পুণ্য খ. গ্রহণ গ. স্বরণ ঘ. অর্পণ উত্তর: ক

০৪. ণ-ত্ব বিধি অনুসারে কোন গুচ্ছ অশুদ্ধ বানানের দৃষ্টান্ত?
ক. ধরন, বরণ খ. বর্ন্না, পুরোনো গ. নেত্রকোনা, পরগনা ঘ. রূপায়ণ, প্রণয়ন উত্তর: খ

০৫. ষ-ত্ব বিধি অনুসারে কোন বানানটি ভুল?
ক. স্টেশন খ. সুষম গ. মিথষ্ক্রিয়া ঘ. নিষ্পাপ উত্তর: গ

০৬. "পুরষ্কার-বিতরণী অনুষ্ঠানের পরিবেশ এত অপরিস্কার"।--- বাক্যটি নিম্নরেখ পদে ষ/স ব্যবহারে .....
ক. প্রথমটি অশুদ্ধ, দ্বিতীয়টি শুদ্ধ খ. প্রথমটি শুদ্ধ, দ্বিতীয়টি অশুদ্ধ
গ. দুটোই অশুদ্ধ ঘ. দুটোই শুদ্ধ উত্তর: গ

০৭. কোনটি শুদ্ধ বানান?
ক. আমাবশ্যা খ. অমাবস্যা গ. অমাবশ্যা ঘ. অমাবষ্যা উত্তর: খ

০৮. কোনটি শুদ্ধ বানান?
ক. দ্বন্দ্ব খ. দ্বন্দ গ. দন্দ ঘ. দন্দ্ব উত্তর: ক

০৯. কোনটি শুদ্ধ বানান?
ক. নির্মলীত খ. নির্মীলীত গ. নির্মীলিত ঘ. নির্মিলিত উত্তর: গ